

কাকে বিষধর সাপ বললেন নায়িকা পূর্ণিমা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৭ ঃ মেহেরপুর-সোমবার ২০ অক্টোবর ২০২৫ ইং ঃ ৪ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৭ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

## মেহেরপুরে সরকারি গুদামে নিম্নমানের চাল

### প্রকৃত মিল মালিকদের বাদ দিয়ে প্রভাবশালীদের দৌরাত্ম্য

নিজস্ব প্রতিবেদক

**এবার দেশে ৩ লাখ ৭৬ হাজার ৯৪২ মেট্রিক টন ধান, ১৪ লাখ ৬ হাজার ৫৩৩ মেট্রিক টন সিদ্ধ চাল এবং ৫১ হাজার ৩০৭ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে যা ইতিহাসে সর্বোচ্চ। গত ৯ এপ্রিল খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি-এর সভায় ধান-চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ধান প্রতি কেজি ৩৬ টাকা ও চাল ৪৯ টাকা দরে ১৪ এপ্রিল থেকে সংগ্রহ অভিযান শুরু হয়।**

মেহেরপুরে বোরো মৌসুমে সরকারি খাদ্য গুদামে মিল মালিকদের কাছ থেকে চাল সংগ্রহে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। প্রকৃত মিল মালিকদের বাদ দিয়ে প্রভাবশালী মিল মালিক ও মধ্যস্বত্বভোগীরা চাল সরবরাহ করছে। সুযোগে কিছু কর্মকর্তা ও প্রভাবশালী মহল মিলে ভাঙ্গা ও নিম্নমানের চাল ক্রয় করে পুরো সংগ্রহ অভিযান শেষ করে দিয়েছে। খাদ্য অধিদপ্তর জানায়, খাদ্য মন্ত্রণালয় ঘোষিত বোরো সংগ্রহ কর্মসূচি ১৫ আগস্ট শেষ হয়। এবার দেশে ৩ লাখ ৭৬ হাজার ৯৪২ মেট্রিক টন ধান, ১৪ লাখ ৬ হাজার ৫৩৩ মেট্রিক টন সিদ্ধ চাল এবং ৫১ হাজার ৩০৭ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে যা ইতিহাসে সর্বোচ্চ। গত ৯ এপ্রিল খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি-এর সভায় ধান-চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ধান প্রতি কেজি ৩৬ টাকা ও চাল ৪৯ টাকা দরে ১৪ এপ্রিল থেকে সংগ্রহ অভিযান শুরু হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, মেহেরপুরে সিদ্ধ চাল ৪৯ টাকা দরে সংগ্রহ করা হয়েছে। সদর উপজেলায় ৮ মিল মালিকের কাছ থেকে ৬০৮ মেট্রিক টন ও গাংনী উপজেলায় ৫ মিল মালিকের কাছ থেকে ৩৮৮ মেট্রিক টন চাল সরবরাহ হয়েছে। কিন্তু এসব চালের অধিকাংশই ভাঙ্গা ও বাদামি রঙের নিম্নমানের চাল। স্থানীয়ভাবে যেগুলো হাঁস-মুরগিকে খাওয়ানো হয়। সদর উপজেলার বড় বাজার এলাকার খাদ্য গুদামে গিয়ে দেখা গেছে, সব সিসি ক্যামেরা বন্ধ। সদ্য যোগ দেওয়া খাদ্য পরিদর্শক সোহেল রানা বলেন, "বোরো মৌসুমে দায়িত্বে ছিলেন দেবদুত রায়। নিম্নমানের চাল সংগ্রহের বিষয়ে আমি কিছু জানি না।" সাবেক খাদ্য পরিদর্শক দেবদুত রায় বলেন, "স্থানীয় মিল মালিকদের চালের মান ভালো না হওয়ায় আশপাশের জেলার অটোরাইচ মিল থেকে চাল আনা হয়। প্রতি বস্তা চাল পরীক্ষা করা সম্ভব নয়।" বামন্দী এলাকার কৃষক মফিজুল ইসলাম বলেন, "আমরা ধান বিক্রি করতে গেলে কেউ নেয় না। পরে দেখি সেই ধানই চাল হয়ে গুদামে ঢুকছে মিল মালিকদের নামে।"এক মিল মালিক নাম প্রকাশ না করার শর্তে বলেন, "কিছু কর্মকর্তার সঙ্গে সমন্বয় করে চাল সরবরাহ করা হয়। উপজেলা খাদ্য পরিদর্শক কেজি প্রতি ১ থেকে ২ টাকা করে নেন।" গাংনী উপজেলায় ৫টি মিলের নামে চুক্তি হলেও তদন্তে দেখা গেছে, অধিকাংশ মিলেই চাল উৎপাদনের কার্যক্রম নেই। খলিলুর রাইচ মিলের মালিক খলিলুর হোসেন বলেন, "রাজনৈতিক প্রভাবশালীরা আমাদের নামে চাল সরবরাহ করে। চাল আসে কুষ্টিয়ার

২-এর পৃষ্ঠা দেখুন

## শুরু হবে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কার্যক্রম

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালু করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অনুমোদন দিয়েছে। ইউজিসির সর্বশেষ বৈঠকে মেহেরপুর বিশ্ববিদ্যালয়, নওগাঁ বিশ্ববিদ্যালয় ও বগুড়া বিশ্ববিদ্যালয়ের জন্য দুটি করে বিষয় চালুর অনুমোদন দেওয়া হয়েছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াও দ্রুত এগোচ্ছে। ইউজিসির পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক মাকছুদুর রহমান ভূঁইয়ার নেতৃত্বে রবিবার একটি পাঁচ সদস্যের প্রতিনিধি দল মেহেরপুরে তিনটি সম্ভাব্য স্থান ময়ামারির মাঠ, বিএডিসির বারাদি ফার্ম ও খড়ের মাঠ পরিদর্শন করেছেন। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে গুচ্ছ ভর্তি পরীক্ষার মাধ্যমে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রথম ব্যাচের শিক্ষার্থী ভর্তি হবে। বর্তমানে মেহেরপুর সরকারি কলেজের অনার্স ভবনে ছয়টি কক্ষ বরাদ্দ দিয়ে আধুনিক শ্রেণিকক্ষ তৈরির

২-এর পৃষ্ঠা দেখুন



## বিদ্যালয় মাঠে চার মাস ধরে জলাবদ্ধতা পাঠদান ও খেলার পরিবেশ বিপর্যস্ত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের কেন্দ্রস্থলে অবস্থিত বামন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজ এবং বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ টানা চার মাস ধরে জলমগ্ন রয়েছে। দীর্ঘদিনের এই জলাবদ্ধতার কারণে দুই প্রতিষ্ঠানের হাজারো শিক্ষার্থীর পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। স্থানীয়রা জানান, সামান্য বৃষ্টিতেই মাঠে পানি জমে যায়, আর নিষ্কাশনের কোনো ব্যবস্থা না থাকায় পরিস্থিতি দীর্ঘস্থায়ী রূপ নিয়েছে। জলাবদ্ধতার কারণে শিক্ষার্থীরা নিরাপদে বিদ্যালয়ে আসা-যাওয়া করতে পারছে না। খেলাধুলা বন্ধ থাকায় অভিভাবকেরা তাদের সন্তানদের মাদকাসক্ত হয়ে পড়ার সম্ভাব্য ঝুঁকিও তুলে ধরেছেন। স্থানীয় বাসিন্দা ও অভিভাবক সোহেল রানা বলেন, "দীর্ঘদিন ধরে এই দুই প্রতিষ্ঠানে জলাবদ্ধতা আছে, কিন্তু কর্তৃপক্ষ এখন পর্যন্ত কোনো কার্যকর উদ্যোগ নেনি। কোমলমতি শিক্ষার্থীদের কথা চিন্তা করে অতিদ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা নেওয়া উচিত।" শিক্ষার্থীরাও তাদের কষ্ট ব্যক্ত করেছেন। সপ্তম

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা কর্ণধর কমিটি, জেলা পরিবার পরিকল্পনা কমিটি, জেলা আইসিটি কমিটি, জেলা ইনোভেশন কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয়

২-এর পৃষ্ঠা দেখুন

## কামদেবপুরে জামায়াতে যোগদান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের কামদেবপুর গ্রামে ২০টি পরিবার জামায়াতে ইসলামীতে যোগদান করেছে। গতকাল রবিবার রাতে কামদেবপুরে আনুষ্ঠানিকভাবে নতুন যোগদানকারীদের হাতে ফুল তুলে তাদের বরণ করে নেওয়া হয়।এরপর তাদের জন্য দোয়া ও মোনাজাতের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে তাদের স্বাগত জানানো হয়।

যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে গাঁজাসহ মাদক কারবারি আটক

নিজস্ব প্রতিবেদক.গাংনী



মেহেরপুরের গাংনীতে ৪ কেজি গাঁজাসহ আসাদুজ্জামান ওরফে বিজয় (২২) নামের এক মাদক কারবারিকে আটক করেছে র‍্যাব। গতকাল রবিবার ভোর সাড়ে ৬টার দিকে গাড়াবাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ৪ কেজি গাঁজাসহ তাকে গ্রেফতার করা হয়। সিপিসি-৩, মেহেরপুর, র‍্যাব-১২ এর কোম্পানি কমান্ডার ওয়াহিদুজ্জামান রোববার (১৯ অক্টোবর) দুপুরে এ তথ্য নিশ্চিত করেন। গ্রেফতার বিজয় উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের জিয়ারত হোসেনের ছেলে। র‍্যাব সূত্রে জানা গেছে, উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাবের একটি অভিযানিক দল

২-এর পৃষ্ঠা দেখুন

## গাজায় অবিস্ফোরিত বোমা ৭০ হাজার টন, ভয়াবহ ঝুঁকিতে লাখো বাসিন্দা

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের টানা হামলায় নিক্ষিপ্ত বিপুল পরিমাণ বিস্ফোরকের একটি বড় অংশ এখনো অবিস্ফোরিত অবস্থায় পড়ে আছে। আন্তর্জাতিক সংস্থাগুলোর হিসাব অনুযায়ী, অন্তত ৭০ হাজার টন বোমা ও মাইন গাজার মাটিতে এখনো বিস্ফোরিত হয়নি। এতে করে ধ্বংসস্তূপের নিচে ও জনবসতিপূর্ণ এলাকায় লাখো বাসিন্দা রয়েছেন মারাত্মক ঝুঁকিতে। গাজায় গত ১০ অক্টোবর যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর মানবিক সহায়তাবিষয়ক সংস্থা হ্যান্ডিক্যাপ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে অ্যাড. কামরুল হাসানের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে এ কর্মসূচিতে তিনি অংশ নেন। গণসংযোগ চলাকালে অ্যাডভোকেট

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে মাসুদ অরুণের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের নেতৃত্বে ধানের শিষের পক্ষে গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে মেহেরপুর মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। মহাজনপুর বাজার থেকে একটি মিছিল বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এর আগে সেখানে পথসাভা অনুষ্ঠিত হয়। পথসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মাসুদ

২-এর পৃষ্ঠা দেখুন

## অস্ট্রেলিয়ার কাছে পাত্তাই পেল না ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে ভারতের ব্যাটিং ধ্বংস হয়ে গেল অস্ট্রেলিয়ার কাছে। শুবমান গিলের অধিনায়কত্বের অভিষেকটা ভালো হলো না। ২২৪ দিন পর জাতীয় জার্সিতে ফিরলেও রান পাননি বিরাট কোহলি ও রোহিত শর্মা। বোলাররাও অল্প পুঁজিতে লড়াই করতে পারেননি। পার্থে চারবার বৃষ্টির কারণে ম্যাচ ৫০ ওভার থেকে ২৬ ওভারে সংক্ষিপ্ত হয়। প্রথমে ব্যাট করে ভারত ৯ উইকেটে ১৩৬ রান সংগ্রহ করে। ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে লক্ষ্য দাঁড়ায় ১৩১। অস্ট্রেলিয়ার ব্যাটাররা ঝুঁকি না নিয়ে সহজে জয় নিশ্চিত করে, ২১.১ ওভারেই ৭ উইকেটে জয় তুলে নেয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের পাটকেল পোতা গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গতকাল রবিবার বিকালে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী ও জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম

২-এর পৃষ্ঠা দেখুন

## পিআর আন্দোলন জামায়াতের সুপরিকল্পিত রাজনৈতিক প্রতারণা: নাহিদ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম বলেছেন, জামায়াতে ইসলামীর তথাকথিত 'আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) আন্দোলন' আসলে একটি সুপরিকল্পিত রাজনৈতিক প্রতারণা। রোববার (১৯ অক্টোবর) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক ইংরেজি পোস্টে তিনি এ মন্তব্য করেন। নাহিদ লেখেন, "এই আন্দোলনটি ইচ্ছাকৃতভাবে গঠিত হয়েছিল ঐকমত্য কমিশনের সংস্কার প্রক্রিয়াকে ভ্রান্ত পথে পরিচালিত করা এবং জনগণের অভ্যুত্থানের পর রাষ্ট্র ও সংবিধান পুনর্গঠন-সংক্রান্ত জাতীয় সংলাপকে ভিন্ন খাতে প্রবাহিত করার উদ্দেশ্যে।" তিনি বলেন, ভোটের আনুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে একটি উচ্চকক্ষ গঠনের মূল সংস্কার দাবি ছিল সংবিধানিক নিরাপত্তা নিশ্চিত করার প্রচেষ্টা। "আমরা এমন ভিত্তিগত সংস্কারের চারপাশে একটি গণআন্দোলন গড়ে তোলার চেষ্টা করছিলাম এবং জুলাই সনদের আইনি কাঠামো বিস্তৃত জাতীয় ঐকমত্যের মাধ্যমে প্রতিষ্ঠা করতে চেয়েছিলাম,"ড়যোগ করেন নাহিদ। কিন্তু জামায়াত ও তাদের মিত্ররা এ এজেন্ডা ছিনিয়ে নিয়ে সেটিকে

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবরঃ (তারেকের ফোনে বিএনপি'র নির্বাচনীর মাঠ গরম)

এক ফোনেই কেল্লাফতে
গরম হলো ভোটের মাঠ
দেখে মনে হচ্ছে যেন
আরেক গ্রুপের সর্বনাশ।
বিএনপি'র এখন দুই গ্রুপ
ভোটের লড়াই করছে
উভয় গ্রুপে একই স্লোগান
ধানের শীষের কথা বলছে।
দুই নেতাকে ফোন দিয়ে
সবুজ সংকেত দিল
আর এক নেতাই বলছে এখন
গুজবে কান দিও না কেউ।
আমরা হলাম জিয়ার সেনা
খালেদা জিয়ার ধানের শীষ
তারেক জিয়ার টেলিফোনে
সবুজ সংকেত কিছুটা ঠিক।




## মেহেরপুরে জেন্ডার সচেতনতা ও সহিংসতা প্রতিরোধ প্রশিক্ষণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় "জেন্ডার সচেতনতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ" বিষয়ক এক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণটি এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি প্রকল্পের

২-এর পৃষ্ঠা দেখুন

## গণফোরাম স্বাক্ষর করল জুলাই সনদে

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে জুলাই সনদে স্বাক্ষর করেছে গণফোরাম। দলটির পক্ষে স্বাক্ষর করেন ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা সুব্রত চৌধুরী ও সাধারণ সম্পাদক ডা. মো. মিজানুর রহমান। এ পর্যন্ত মোট ২৫টি দল সনদে স্বাক্ষর করেছে। রোববার (১৯ অক্টোবর) সংসদ ভবনের এলডি হলে ঐকমত্য কমিশনের আয়োজিত অনুষ্ঠানে গণফোরামের সভাপতিসহ মহিলা গণফোরামের আহবায়ক অ্যাডভোকেট সাগরিকা ইসলাম, সাংগঠনিক সম্পাদক মির্জা হাসান এবং

২-এর পৃষ্ঠা দেখুন



## ডাকাতি মামলায় সাজাপ্রাপ্ত সেলিম ও বাবু কারাগারে

নিজস্ব প্রতিবেদক

ডাকাতি মামলায় ১০ বছরের সাজা প্রাপ্ত সেলিম ও বাব গতকালু রবিবার মেহেরপুর অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে আত্মসমর্পণ করেছে। আদালতের বিচারক তাতে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন। সেলিম মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সিরাজুল

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ৪ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২০ অক্টোবর ২০২৫ইং

# শাহজালালে ভয়াবহ অগ্নিকাণ্ডে বিলিয়ন ডলারের ক্ষতির আশঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডে বিলিয়ন ডলারের ক্ষতির আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। তাঁরা বলছেন, এই অগ্নিকাণ্ড কেবল ব্যবসায়ীদেরই নয়, দেশের সামগ্রিক বাণিজ্য ও অর্থনীতিতেও বড় ধরনের ধাক্কা দিতে পারে। ইন্টারন্যাশনাল এয়ার এক্সপ্রেস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (আইএইএবি) প্রেসিডেন্ট কবীর আহমেদ খান বলেন, "শাহজালালে আগুনে সরাসরি কত ক্ষতি হয়েছে, তা এখনই বলা যাচ্ছে না। তবে এর প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব এক বিলিয়ন ডলারের বেশি হতে পারে।" তিনি আরও জানান, আগুনে ক্ষতিগ্রস্ত কার্গো ভিলেজে আমদানি ও রপ্তানির জন্য অপেক্ষমাণ বিপুল পরিমাণ পণ্য ছিল। এর মধ্যে তৈরি পোশাক ও টেক্সটাইল খাতের মালামালই ছিল প্রায় এক-তৃতীয়াংশ। বর্তমানে ৬০টির বেশি আন্তর্জাতিক এয়ার কার্গো কুরিয়ার সেবার মাধ্যমে দেশীয় আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালিত হয়। রপ্তানিতে নেতিবাচক প্রভাবের আশঙ্কা বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) নির্বাহী সভাপতি ফজলে শামীম এহসান বলেন, "আমরা আশঙ্কা করছি, রপ্তানিতে এক বিলিয়ন ডলারেরও বেশি ক্ষতি হতে পারে। সময়মতো কাঁচামাল না পাওয়া, অর্ডার বাতিল, অতিরিক্ত ব্যয়ে পণ্য পাঠানোসহ নানা সমস্যার মুখে পড়বে ব্যবসায়ীরা।" তিনি বলেন, সরাসরি ক্ষতির পাশাপাশি অর্ডার ক্যানসেল, ডিসকাউন্ট, এবং সময়মতো স্যাম্পল না পৌঁছানোর কারণে নতুন অর্ডার কনফার্ম করতে না পারার ঝুঁকি তৈরি হয়েছে। এর ফলে দেশের তৈরি পোশাক খাতসহ অন্যান্য শিল্পে দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব পড়তে পারে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ বলেন, "যাত্রীসেবা ছাড়াও পণ্য আমদানি-রপ্তানির জন্য শাহজালাল বিমানবন্দর দেশের ব্যবসায়ীদের অন্যতম নির্ভরযোগ্য কেন্দ্র। এ ধরনের দুর্ঘটনা আন্তর্জাতিক বাণিজ্যে অনিরাপত্তা ও অনিশ্চয়তা তৈরি করবে, যা বিনিয়োগকারীদের আস্থাকে ক্ষতিগ্রস্ত করতে পারে।" তিনি আরও বলেন, "দেশি-বিদেশি উদ্যোক্তাদের কাছে পণ্য পরিবহন এখন অনিরাপদ মনে হলে, তার প্রভাব সরাসরি অর্থনীতিতে পড়বে। এ ধরনের ঘটনা ব্যবসায়ীদের আত্মবিশ্বাস ও কার্যক্রমকে আরও সংকটে ফেলবে।"

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা




## আগে লক্ষ্য, পরে সিদ্ধান্ত

সূর্যোদয় প্রতিবেদক

আমাদের মধ্যে অনেকেই আছেন যারা ভবিষ্যতের কথা না ভেবে হুটহাট সিদ্ধান্ত নেন। আবার কেউ কেউ ইংরেজি ভাষা আয়ত্তের মোহে ছুটে চলেন। তাদের কাছে এটি যেন ফ্যাশনের মতো হয়ে দাঁড়িয়েছে। কিন্তু আগে বোঝা প্রয়োজন আপনি কোথায় দাঁড়িয়েছেন, এবং সত্যিকারের লক্ষ্য কি। তারপরই সিদ্ধান্ত নিলে ফল হবে সাফল্য। এক সহকর্মী একদিন জানতে চাইলেন, "ইংরেজি কীভাবে ভালো শেখা যায়?" আমি বললাম, "চটজলদি কোনো পথ নেই, শর্টকাটও নেই।" তিনি আবার জানতে চাইলেন, "তাহলে চেষ্টা করে কোনো লাভ আছে কি?" আমি বললাম, "এটা আপনার লক্ষ্য ও প্রয়োজনে নির্ভর করছে। ইংরেজি শিখতে চান কি উচ্চশিক্ষার জন্য, বিদেশ ভ্রমণের জন্য, নাকি চাকরির জন্য?" অনেকেরই লক্ষ্য স্পষ্ট থাকে না। অথচ শুরুটা হওয়া উচিত এখান থেকেই। ইংরেজির প্রয়োজন কোথায়, তা আগে বোঝা জরুরি। আমার দুই বন্ধু শফিক ও শুভ এটাই করতে পারেনি। ফলাফল হতাশাজনক। শফিক ঢাকার একজন দক্ষ শেফ। হঠাৎ সিডনির এক হোটেল থেকে লোভনীয় চাকরির অফার পেল। কিন্তু শর্ত আইইএলটিএস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ইংরেজিতে দুর্বল শফিক সেই সুযোগ হারাল। অন্যদিকে শুভ লন্ডনের একটি বিশ্ববিদ্যালয়ে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পেল। শর্ত আইইএলটিএস-এ ৭ ব্যান্ড স্কোর। কিন্তু পরিকল্পনার অভাবে প্রথম কয়েকটি সুযোগ হাতছাড়া হলো। শেষ পর্যন্ত শুভকেও সুযোগটি ত্যাগ করতে হলো। এই দুই ঘটনা শেখায় উদ্দেশ্য পরিষ্কার না হলে চেষ্টা ব্যর্থ হয়।

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ

নিজস্ব প্রতিবেদক

নির্বাচনি দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়েছে।
রবিবার সকালে মেহেরপুর পুলিশ লাইন্সে তিন দিনব্যাপী এ প্রশিক্ষণের চতুর্থ ব্যাচের উদ্বোধন করেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিটের মোট ৫০ জন পুলিশ সদস্যাড় কনস্টেবল থেকে পুলিশ পরিদর্শক পদমর্যাদার কর্মকর্তারাড় এই প্রশিক্ষণে অংশ নিচ্ছেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হকসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা।



## নারীকে ফাঁদ হিসেবে ব্যবহার: চুয়াডাঙ্গায় প্রতারক খালিদ আটক

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা শহরে নারীকে ফাঁদ হিসেবে ব্যবহার করে অন্যকে ফাঁসানোর চেষ্টা করতে গিয়ে খালিদ হোসেন (৩৫) নামে এক প্রতারক জনতার হাতে ধরা পড়েছেন। পরে স্থানীয়রা তাকে ও তার নারী সহযোগীকে পুলিশের হাতে তুলে দেন। শনিবার (১৮ অক্টোবর) রাত সাড়ে ৮টার দিকে শহরের শ্যামলীপাড়া (শ্যাকড়াতলা) মোড়ে এ ঘটনা ঘটে। আটক খালিদ আলমডাঙ্গা উপজেলার পাইকপাড়া গ্রামের বাসিন্দা এবং

৩-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে আমিরুল ইসলাম'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক. মুজিবনগর

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষ প্রতীকে ভোট প্রার্থনা করে ব্যাপক গণসংযোগ ও পথসভা করেছেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। গতকাল রবিবার বিকেলে উপজেলার বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়।
পথসভায় উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, যুগ্ম সম্পাদক মানজারুল ইসলাম ও সাইফুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর ও সম্পাদক

৩-এর পৃষ্ঠা দেখুন

## এনসিপি শাপলা প্রতীক নিয়েই নির্বাচনে যাবে: হাসনাত আবদুল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শাপলা প্রতীক নিয়েই আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে চায়। দলটি বলেছে, শাপলা প্রতীক ছাড়া তাদের কোনো বিকল্প নেই। রোববার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের (ইসি) জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদের সঙ্গে বৈঠক শেষে এনসিপির মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আবদুল্লাহ এসব কথা বলেন। তিনি অভিযোগ করেন, "নির্বাচন কমিশন আগের মতোই বর্বর স্বৈরাচারী কায়দায় চলছে। বর্তমান কমিশন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজন করতে সক্ষম নয়। নির্বাচন কমিশন অন্য কারো রিমোট কন্ট্রোল বা প্রেসক্রিপশনে পরিচালিত হচ্ছে।" বৈঠকে উপস্থিত এনসিপির মুখ্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## "নির্বাচন প্রলম্বিত করতে অস্থিরতা সৃষ্টি করা হচ্ছে"-দুদু

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

নির্বাচন প্রলম্বিত করতে চারিদিকে আগুন লাগিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি অস্থির করা হচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু। গতকাল রবিবার সকালে চুয়াডাঙ্গা শহরের শিল্পকলা একাডেমির মুক্ত মঞ্চে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। শামসুজ্জামান দুদু বলেন, "বিএনপিকে ঠেকানোর জন্য নির্বাচন প্রলম্বিত করা হয়েছে। যাই ঘটুক না কেন, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহেই নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে বিএনপিকেই জয়ী করতেই হবে।" তিনি আরও বলেন, "একটি পাল্টা শক্তি নানাভাবে মিথ্যা প্রচারণা চালাচ্ছে। কেউ কেউ বলছে, তাদের মার্কায় ভোট দিলে বেহেশতে যাওয়া যাবেড়এমন কথার কোনো ভিত্তি নেই। এক আল্লাহ ছাড়া বেহেশতের মালিক কেউ না।

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্র নাকি রাশিয়া- কাকে বেছে নেবে ভারত?

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্যে আবারও অস্বস্তিতে পড়েছে ভারত। হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প দাবি করেছেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাশিয়া থেকে তেল আমদানি বন্ধ করার আশ্বাস দিয়েছেন। যদিও

৩-এর পৃষ্ঠা দেখুন

## অন্তর্বর্তী সরকার সেনা-বিদ্বেষী ব্রিগেডিয়ার জেনারেল রোকন উদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

দেশের বর্তমান অন্তর্বর্তী সরকার সেনাবাহিনীর প্রতি এক ধরনের অবজ্ঞা ও অবমূল্যায়নের নীতি অনুসরণ করছে বলে অভিযোগ করেছেন নিরাপত্তা বিশ্লেষক ও সাবেক সামরিক কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) জেএইচ আরএম রোকন উদ্দিন। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেন, সরকার প্রতিরক্ষা বাহিনীর কোনো বিষয়কেই অগ্রাধিকার দিচ্ছে না। "নিরাপত্তা উপদেষ্টা নিয়োগ দেওয়া হয়েছে, কিন্তু সেনাবাহিনীর প্রধানদের সঙ্গে কোনো পরামর্শ করা হয়নি," মন্তব্য করেন তিনি।

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় বিজিবির অভিযানে পলিথিন ও ফ্রুট সিরাপ জব্দ

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়া ব্যাটালিয়নের নেতৃত্বে যৌথ অভিযান পরিচালনা করে ২ লাখ কেজি পলিথিন ও হাজারাধিক ফ্রুট সিরাপ জব্দ করা হয়েছে। সুনির্দিষ্ট কুস্টিয়া ব্যাটলিয়নের অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গত শনিবার রাতে মিরপুর

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের নীতির বিরুদ্ধে যুক্তরাষ্ট্রজুড়ে লাখো মানুষের বিক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের কঠোর নীতির বিরুদ্ধে যুক্তরাষ্ট্রজুড়ে ব্যাপক বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে। আয়োজকদের দাবি, দেশটির বিভিন্ন অঙ্গরাজ্যে আয়োজিত এসব কর্মসূচিতে কয়েক মিলিয়ন মানুষ অংশ নিয়েছেন। 'রাজতন্ত্র নয়, গণতন্ত্র' ও 'নো কিংস' শিরোনামের ব্যানার ও প্ল্যাকার্ড হাতে বিক্ষোভকারীরা ট্রাম্পের কর্তৃত্ববাদী নীতির প্রতিবাদ জানান। শনিবার স্থানীয় সময় সকাল থেকেই নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসি, শিকাগো, ফ্লোরিডা ও ক্যালিফোর্নিয়াসহ

৩-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

### অ্যান্ড্রয়েড ও ক্রোম এক হচ্ছে: সফটওয়্যার দুনিয়ায় গুগলের বড় ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

সফটওয়্যার জগতে আসছে এক যুগান্তকারী পরিবর্তন। কোয়ালকম স্ন্যাপড্রাগন সামিট ২০২৫-এ গুগলের ডিভাইস ও সার্ভিসেস বিভাগের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রিক ওস্টারলো আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিয়েছে অ্যান্ড্রয়েড ও ক্রোম অপারেটিং সিস্টেম এখন এক হয়ে যাচ্ছে। এতে করে স্মার্টফোন ও পার্সোনাল কম্পিউটারের অপারেটিং সিস্টেমের পার্থক্য মুছে যেতে চলেছে। গুগল এবার অ্যান্ড্রয়েডকে এমন এক সর্বজনীন প্ল্যাটফর্ম হিসেবে গড়ে তুলতে চায়, যা ফোন, ল্যাপটপ বা ডেস্কটপ সব ডিভাইসেই সমানভাবে কাজ করবে। রিক ওস্টারলো বলেন,




'আমরা পিসি ও স্মার্টফোনের জন্য ভিন্ন ভিন্ন সিস্টেম তৈরি করেছিলাম। এখন সেই বিভেদ ঘুচিয়ে একটি সাধারণ প্রযুক্তিগত ভিত্তি তৈরির প্রকল্প হাতে নেওয়া হয়েছে।'

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ২০ অক্টোবর ২০২৫ ইং

## মেহেরপুরে বিএনপির উত্তাপ: ফোন কলে মনোনয়ন-বিভ্রান্তি

মেহেরপুরের নির্বাচনী মাঠে সাম্প্রতিক রাজনৈতিক উত্তাপের কেন্দ্রবিন্দুতে এসেছে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এক ফোন কল। শুক্রবার রাতে তিনি জেলার দুই সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ ও আমজাদ হোসেন এর সঙ্গে কথা বলেছেন। মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যম থেকে শুরু করে পাড়া-মহল্লার চায়ের দোকান পর্যন্ত এই ফোন কলকে ঘিরে তোলপাড় শুরু হয়েছে। ফোন কল পাওয়ার পর সাবেক এমপি মাসুদ অরুণ দাবি করেছেন, তিনি নির্বাচনের জন্য 'সবুজ সংকেত' পেয়েছেন। অন্যদিকে আমজাদ হোসেন বলেছেন, দলীয় নির্দেশ অনুযায়ী 'ধানের শীষের' পক্ষে কাজ করতে হবে। এই সূক্ষ্ম পার্থক্যও অনেকে বিভ্রান্তির জন্ম দিচ্ছে। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান এবং সিনিয়র নেতা জাভেদ মাসুদ মিল্টন স্পষ্ট করেছেন, ফোন কলের মাধ্যমে কোনো মনোনয়ন দেওয়া হয়নি। দলের নির্দেশ একটাইড়সবাই ঐক্যবদ্ধ থেকে 'ধানের শীষ'-এর পক্ষে কাজ করবে। সোশ্যাল মিডিয়া ও গুজব আজকের রাজনৈতিক প্রতিযোগিতায় সহজেই বিভ্রান্তি ছড়াতে পারে। ইতিমধ্যেই গাংনীর হিজুলবাড়ীয়া গ্রামে সমর্থকদের মধ্যে সংঘর্ষ ঘটেছে, যেখানে একজন আহত হয়েছেন। এটি দেখাচ্ছে, রাজনৈতিক উত্তেজনা শুধু অনলাইনে নয়, সরাসরি মাঠেও ছড়িয়ে পড়ছে। মোট কথা, মেহেরপুরে যে কোনো আগামি নির্বাচনী পরিস্থিতিতে দলীয় শৃঙ্খলা ও ঐক্যই শেষ পর্যন্ত সঠিক পথ দেখাবে। বিভ্রান্তি নয়, ঐক্যই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ, এবং কেন্দ্রীয় নেতৃত্ব ইতিমধ্যেই সবাইকে সেই পথে থাকার আহ্বান জানিয়েছে।

## বিদ্যালয় মাঠে চার মাস ধরে

(প্রথম পৃষ্টার পর)

শ্রেণির সাজিম হোসেন বলেন, "জলাবদ্ধতার কারণে আমাদের জামাকাপড় নোংরা হয়ে যায়, লেখাপড়ায় বিঘ্ন ঘটছে এবং খেলাধুলাও করতে পারছি না।" প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও অধ্যক্ষরা জানিয়েছেন, দীর্ঘ চার মাস ধরে জলাবদ্ধতার কারণে অনেক ক্লাসরুম ব্যবহার করা সম্ভব হচ্ছে না। বামন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সাজ্জাদুল আলম জানিয়েছেন, "জলাবদ্ধতার কারণে শিক্ষক-শিক্ষার্থীর আসা-যাওয়া অত্যন্ত কষ্টকর হয়ে যাচ্ছে। জেলা পরিষদের যে ২ লাখ টাকার কাজ হওয়ার কথা, তা এখনো হয়নি।" উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানা গেছে, বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা চলছে। বামন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজকে নিজস্ব আয় ও গভর্নিং বডির মাধ্যমে পানি নিষ্কাশনের ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে।
স্থানীয়দের কাছে সরকারের কাছে দাবি, দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা হোক এবং খেলাধুলার সুযোগ নিশ্চিত করা হোক।

## মেহেরপুরে সরকারি গুদামে

(প্রথম পৃষ্টার পর)

খাজা নগরের অটো রাইচ মিলে।" সজিবুর রাইচ মিলের মালিক সজিবুর রহমান বলেন, "গত চার বছর আমার মিল থেকে এক কেজি চালও দিইনি। তবু আমার নামে চাল সরবরাহ দেখানো হয়েছে।" জেলা খাদ্য নিয়ন্ত্রক আসমা বেগম বলেন, "অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তারা চালের মান পরীক্ষা করে প্রতিবেদন দেবে। এর পর ব্যবস্থা নেওয়া হবে।" স্থানীয় কৃষকদের কাছ থেকে সরাসরি ধান না কিনে কর্মকর্তাদের যোগসাজশে নিম্নমানের চাল সংগ্রহে সরকার যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছে, তেমনি কৃষকরাও বঞ্চিত হচ্ছেন। স্থানীয়রা বলছেন, কঠোর নজরদারি ও জবাবদিহি বাড়ানো না হলে এই অনিয়ম বন্ধ হবে না।

## গাংনীতে গাঁজাসহ মাদক কারবারি আটক

(প্রথম পৃষ্টার পর)

ওই এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানে পলিথিনে মোড়ানো একটি পোঁটলায় ৪ কেজি গাঁজাসহ আসাদুজ্জামান ওরফে বিজয় নামের এক মাদক কারবারিকে গ্রেফতার করেন। গ্রেফতার আসাদুজ্জামান বিজয়ের বিরুদ্ধে? গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) সারণির ১৯ (ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান জেলা র‍্যাবের ওই কর্মকর্তা।

## গাজায় অবিস্ফোরিত বোমা ৭০

(প্রথম পৃষ্টার পর)

ইন্টারন্যাশনাল সতর্ক করে জানায়, বাস্তুচ্যুত মানুষেরা ঘরে ফেরার পথে কিংবা বসতবাড়ির ধ্বংসস্তূপে থাকা এই অবিস্ফোরিত বোমাগুলো ভয়াবহ হুমকি তৈরি করছে। সংস্থাটি মাইন অপসারণের জন্য জরুরি সরঞ্জাম পাঠানোর আহ্বান জানিয়েছে।
হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনালের পরিচালক অ্যান-ক্লেয়ার ইয়ায়েশ বলেন, "গাজায় বিপুল পরিমাণ বিস্ফোরক এখনো সক্রিয় অবস্থায় পড়ে আছে। এগুলো ঘনবসতিপূর্ণ নগর এলাকায় ভয়াবহ পরিস্থিতি তৈরি করতে পারে।" সংস্থাটির তথ্য অনুযায়ী, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে গাজায় অন্তত দুই লাখ টন বিস্ফোরক নিক্ষেপ করেছে ইসরায়েল। এর মধ্যে প্রায় এক-তৃতীয়াংশ অর্থাৎ ৭০ হাজার টনের বেশি এখনো অবিস্ফোরিত রয়েছে।
ব্রিটেনের ব্র্যাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের শান্তি অধ্যয়ন বিভাগের অধ্যাপক পল রজার্স বলেন, "গাজায় ছোড়া বিস্ফোরকের শক্তি জাপানের হিরোশিমায় ফেলা পারমাণবিক বোমার ছয় গুণ।" ১৯৪৫ সালে হিরোশিমায় যুক্তরাষ্ট্রের নিক্ষিপ্ত পারমাণবিক বোমার ওজন ছিল প্রায় চার টন, যা ১৩ বর্গকিলোমিটার এলাকা ধ্বংস করেছিল এবং প্রাণ কেড়েছিল প্রায় ১ লাখ ৮০ হাজার মানুষের। তুলনায় গাজা একটি ৩৬৫ বর্গকিলোমিটার আয়তনের ছোট্ট ভূখণ্ড, যেখানে দুই বছর ধরে টানা বিমান ও স্থল হামলা চালানো হয়েছে। জাতিসংঘের মাইন অ্যাকশন সার্ভিস (ইউএনএমএএস) জানায়, গাজায় ছোড়া বোমা ও মাইনের অন্তত ৫ থেকে ১০ শতাংশ বিস্ফোরিত হয়নি। তবে অবরোধের কারণে গত দুই বছর ধরে তাদের টিম কোনো পূর্ণাঙ্গ জরিপ পরিচালনা করতে পারেনি। ফলে প্রকৃত পরিমাণ আরও বেশি হতে পারে বলে আশঙ্কা করছে সংস্থাটি। হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনালের সাবেক ডিমাইনার ও ব্রিটিশ সেনাবাহিনীর প্রাক্তন কর্মকর্তা নিকোলাস অর জানান, ইসরায়েলি নজরদারি বিমানের কারণে বোমা নিষ্ক্রিয়করণ দলগুলো মাঠে নামতে পারছে না। "ইসরায়েল মনে করে, অবিস্ফোরিত অস্ত্র উদ্ধার কার্যক্রম হামাসের তৎপরতা হতে পারে, তাই তারা হামলা চালাতে পারে," ড় বলেন নিকোলাস অর। জাতিসংঘের মানবিকবিষয়ক সমন্বয় অফিস জানায়, অবিস্ফোরিত অস্ত্র শনাক্ত ও ধ্বংসে বিশেষ যান ও সরঞ্জাম গাজায় পাঠানোর অনুমতি এখনো দেয়নি ইসরায়েল। বর্তমানে অন্তত তিনটি সাঁজোয়া যান প্রস্তুত থাকলেও কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি।

## মেহেরপুরে অ্যাড. কামরুল হাসানের

(প্রথম পৃষ্টার পর)

কামরুল হাসান স্থানীয় জনগণের মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং বিভিন্ন শ্রেণিপেশার মানুষের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সুবিদপুর ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি কেনেডি, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের সকল ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

সৈয়দ আনোয়ার

## বাংলাদেশে গত এক সপ্তাহেই তিনটি ভয়াবহ অগ্নিকাণ্ড দেশজুড়ে আতঙ্ক



১৪ অক্টোবর ঢাকার মিরপুরে এক পোশাক কারখানা ও রাসায়নিক গোডাউনে আগুনে পুড়ে মারা গেছেন অন্তত ১৬ জন শ্রমিক ও কর্মচারী (রয়টার্স, ১৪ অক্টোবর ২০২৫)। ১৬ অক্টোবর চট্টগ্রাম এক্সপোর্ট প্রসেসিং জোনে এক কারখানার ভবনে ভয়াবহ আগুনের ঘটনা ঘটে ([প্রথম আলো, ১৬ অক্টোবর ২০২৫])। আর ১৮ অক্টোবর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে আমদানি করা বিপুল পরিমাণ বিভিন্ন পণ্য, যার আনুমানিক ক্ষয়ক্ষতি প্রায় ৪৪৭ কোটি টাকা বলে প্রাথমিকভাবে জানিয়েছে দ্যা ফিন্যান্সিয়াল এক্সপ্রেস। এই তিনটি ঘটনাই আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে শুধু "দুর্ভাগ্য" নয়, এগুলো প্রশাসনিক ব্যর্থতা, অব্যবস্থাপনা এবং তদারকি ঘাটতির নির্মম ফল। বিভিন্ন সংবাদ মাধ্যমে উঠে আসা কিছু গুরুত্বপূর্ণ তথ্য হলো-ফায়ার সার্ভিসের পর্যাপ্ত সরঞ্জাম না থাকা, ভবনের নকশায় নিরাপত্তা ব্যবস্থা উপেক্ষা করা, রাসায়নিক মজুদের অনিয়ম। সব মিলিয়ে একটাই কথা প্রতিবারই ইতিহাস নিজেকে পুনরাবৃত্ত করছে। পরপর ভয়াবহ এই তিনটি অগ্নিকাণ্ড নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ষড়যন্ত্র, সন্দেহ, শত্রু দেশের গোয়েন্দা কর্মসহ অসমর্থিত বিভিন্ন মত প্রকাশ করা হচ্ছে। দেশের সব শ্রেণী-পেশার মানুষের হাতে টাচ মোবাইল থাকার কারণে সাধারণ মানুষ আতঙ্কিত হচ্ছে এবং খবরগুলো বিভিন্নভাবে প্রভাব ফেলছে। কিন্তু যখন একটি আন্তর্জাতিক বিমানবন্দরের সুরক্ষিত কার্গো এলাকায় শত শত কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়, তখন প্রশ্ন ওঠে, এই দেশের শিল্পাঞ্চল, বাজার, এমনকি সাধারণ মানুষের বসতবাড়ি কতটা নিরাপদ? প্রতিটি আগুন শুধু ভবন পুড়িয়ে দেয় না, জ্বালিয়ে দেয় আমাদের প্রশাসনিক বিবেক, দায়িত্বহীনতার দেয়াল ও নীতিনৈতিকতার মুখোশও। সময় এসেছে দায় চাপিয়ে দেওয়ার রাজনীতি থেকে বেরিয়ে এসে নিরাপত্তা সংস্কৃতি গড়ে তোলার। আলোচনা-সমালোচনার সন্দেহের তীর যেন কোন ভাবেই জাতীয় স্বার্থ ক্ষতিগ্রস্ত না করে-এই দিকে নজর দিতে হবে। প্রতিটি প্রতিষ্ঠান, শিল্পাঞ্চল ও সরকারি স্থাপনায় অগ্নি-নিরাপত্তা নিরীক্ষা বাধ্যতামূলক করা উচিত, এবং এর ব্যত্যয় ঘটলে সরাসরি আইনি দায় নির্ধারণ করতে হবে। নচেৎ এই পুড়ে যাওয়ার ছাই আরও কতবার কাঁদাবে, তা কেবল সময়ই জানে।

( লেখক:, সংবাদকর্মী, হোমনা, কুমিল্লা)

# তাকদিরে বিশ্বাস: ইসলামী আকিদার অবিচ্ছেদ্য অংশ

সৈয়দ নজরুল ইসলাম

ইসলামী আকিদার অন্যতম মূল বিশ্বাস হলো ভালো-মন্দ তাকদিরে বিশ্বাস করা। 'তাকদির' শব্দের অর্থ হলো নির্ধারণ বা নির্দিষ্ট করা। ইসলামী পরিভাষায় তাকদির হলো আল্লাহর পক্ষ থেকে বান্দার অতীত, বর্তমান ও ভবিষ্যতের সব বিষয় নির্ধারিত হওয়া। আল্লামা সাদ (রহ.) বলেন: "সৃষ্টির যাবতীয় বিষয় ভালো-মন্দ, উপকার-অপকার, শুভ-অশুভড়সবই আগে থেকে নির্ধারিত।" রাসুলুল্লাহ (সা.) বলেন: "আল্লাহ তাআলা আকাশ ও জমিন সৃষ্টির ৫০ হাজার বছর আগে সৃষ্টির ভাগ্য লিখে রেখেছেন।" তাকদির সাধারণত দুই প্রকারে বিভক্ত: অপরিবর্তনীয় (কদর মুবরাম) ও পরিবর্তনশীল। অপরিবর্তনীয় তাকদিরের উদাহরণ: মৃত্যু। আল্লাহ তাআলা বলেন: "প্রত্যেক প্রাণীই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে।" কিন্তু কোনো প্রাণীর মৃত্যুর সময় বা রুজির পরিমাণ আল্লাহর ইচ্ছা অনুযায়ী আগে বা পরে হতে পারে। আল্লাহ তাআলা বলেন: "আল্লাহ যা ইচ্ছা মিটিয়ে দেন এবং যা ইচ্ছা বহাল রাখেন, আর তাঁর নিকটেই আছে মূল কিতাব।" ইবনে আব্বাস (রা.) বলেছেন, কিছু তাকদির দোয়া ও আমলের কারণে পরিবর্তিত হতে পারে। রাসুলুল্লাহ (সা.) বলেন: "দোয়া ছাড়া কোনো কিছুই আল্লাহর ফায়সালাকে পরিবর্তন করতে পারে না।" আরেকটি হাদিসে এসেছে: "যে ব্যক্তি চায় তার রুজি বৃদ্ধি হোক ও আয়ু দীর্ঘায়িত হোক, সে যেন আত্মীয়তার সম্পর্ক বজায় রাখে।" তাকদিরে বিশ্বাসের চার স্তর- আল্লাহর জ্ঞান: আল্লাহ তাআলা সব কিছু জানেন যা ঘটেছে, ঘটছে এবং যা ঘটবে। "আল্লাহ সব কিছুর ওপর ক্ষমতাশালী এবং সব কিছু তাঁর জ্ঞানে বেষ্টিত।" লিপিবদ্ধকরণ: কিয়ামত পর্যন্ত প্রতিটি ঘটনা লাওহে মাহফুজে লেখা আছে।"আমি প্রত্যেক বস্তু স্পষ্ট কিতাবে লিপিবদ্ধ রেখেছি।" আল্লাহর ইচ্ছা: আল্লাহ যা চান তা হয়, যা চান না তা হয় না। "তোমরা ইচ্ছা করতে পারো না, যদি না আল্লাহ ইচ্ছা করেন।" সৃষ্টি: আল্লাহ সব কিছুর স্রষ্টা। "আল্লাহ সব কিছুর স্রষ্টা।" প্রতি বছর আল্লাহ তাআলা নির্দিষ্ট সময়ে এক বছরের পরিকল্পনা ফেরেশতাদের কাছে প্রেরণ করেন। "আমরা এটি নাজিল করেছি এক বরকতময় রাতে, যেদিন প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়।" তাকদিরে বিশ্বাস মানে নিজের সব কিছু আল্লাহর ওপর সমর্পণ করা। মানুষ চেষ্টা করবে, কিন্তু ফল আল্লাহর হাতে। তাই একজন মুমিন সর্বদা দোয়া, সদকাহ ও ধৈর্যের মাধ্যমে উত্তম তাকদির কামনা করবে।

## ডাকাতি মামলায় সাজাপ্রাপ্ত সেলিম ও

(প্রথম পৃষ্টার পর)

ইসলামের ছেলে এবং বাবু একই গ্রামের আমজাদ হোসেনের ছেলে। এর আগে একটি ডাকাতি মামলায় তাদের আদালত তাদের ১০ বছর সশ্রম কারাদণ্ড এবং ১০ হাজার টাকা করে জরিমানার রায় দেন। সেই সাথে জরিমানা অনাদায়ে আরও ৩ মাসের কারাদণ্ডাদেশ দেন। রায় ঘোষণার সময় আসামিরা পলাতক ছিলেন। বৃহস্পতিবার আদালতে হাজির হয়ে জামিন এর আবেদন করলে বিচারক তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

## গণফোরাম স্বাক্ষর করল জুলাই সনদে

(প্রথম পৃষ্টার পর)

দলীয় নেতারা উপস্থিত ছিলেন। ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, "বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলন ও সংস্কৃতির গঠনে গণফোরামের অবদান স্বীকৃত। জুলাই সনদে প্রতিটি রাজনৈতিক দলই গুরুত্বপূর্ণ অংশীদার। এখনও স্বাক্ষর না করা দলগুলোকে সই করার আহ্বান জানাই।" সনদে স্বাক্ষর শেষে গণফোরামের ভারপ্রাপ্ত সভাপতি সুব্রত চৌধুরী বলেন, "বাহাত্তরের চার মূলনীতি থাকলে জুলাই সনদ পূর্ণতা পেত। স্বাধীনতার ঘোষণাপত্র সংশোধনের আশ্বাসের ভিত্তিতে আমরা সনদে স্বাক্ষর করেছি। নতুন বাংলাদেশ গড়ার দায়িত্ব সকলের।" স্বাক্ষর অনুষ্ঠানে কমিশনের সদস্যরা ড. ইফতেখারুজ্জামান, ড. বদিউল আলম মজুমদার, সফর রাজ হোসেন এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে মাসুদ অরুণের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

অরুন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ এবং জেলা তাতি দলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু। সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খালের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা। প্রধান অতিথি মাসুদ অরুন তার বক্তব্যে বলেন, "মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার জন্য বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে এবং প্রয়োজনে আবারও করবে। এদেশ শহীদ জিয়া পরিবারের হাতে নিরাপদ।"

## মেহেরপুরে জেন্ডার সচেতনতা ও

(প্রথম পৃষ্টার পর)

আওতায় আয়োজিত হয়। ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে গতকাল রবিবার অনুষ্ঠিত এই প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক মোঃ সিরাজুম মুনিরা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পিএফজির পিস অ্যাম্বাসেডর সায়েদাতুন্নেসা নয়ন, বিশেষ অতিথি ছিলেন পিএফজির কোঅর্ডিনেটর মুজাহিদ আল মুন্না। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওয়াইপিএজি কোঅর্ডিনেটর রাজিয়া খাতুন বিপাশা, সহ-সমন্বয়কারী আলমিন আলিফ খান আরমা, প্রতিষ্ঠাতা সমন্বয়কারী মেহেরাব হোসেন এবং ওয়াইপিএজির অন্যান্য সদস্যবৃন্দ। প্রশিক্ষণ পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের খুলনা অঞ্চলের এরিয়া কোঅর্ডিনেটর এস.এম রাজু জবেদ, এবং সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ফিল্ড কোঅর্ডিনেটর মোঃ আশরাফুজ্জামান। প্রশিক্ষণে সদর উপজেলার নারী ও পুরুষ যুব প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। তারা বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক যুব সংগঠনের প্রতিনিধি এবং ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ এর সদস্য। অংশগ্রহণকারীরা ভবিষ্যতে স্থানীয় স্তরে জেন্ডার সচেতনতা এবং নারী প্রতি সহিংসতা প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

## অস্ট্রেলিয়ার কাছে পাত্তাই পেল না ভারত

(প্রথম পৃষ্টার পর)

রবিবার সকাল থেকেই মেঘলা আবহাওয়ায় টস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। টস হেরে শুরুতে ব্যাট করতে হয় ভারতকে। রোহিত ৮ রানে আউট হন, কোহলি ও গিল রান করতে না পারেই ফেরেন। শ্রেয়াস আইয়ারও লেগ স্টাম্পের বাইরে বল খেলতে গিয়ে আউট হন। বৃষ্টির কারণে খেলা বারবার বন্ধ হয়ে অনেক সময় নষ্ট হয়। কমে দাঁড়ানো ২৬ ওভারের মধ্যে অক্ষর প্যাটেল ৩১ ও লোকেশ রাহুল ৩৮ রান করেন। নীতীশ রেড্ডির ১৯ রানের সমর্থনে ভারত ১৩৬ রানে পৌঁছায়, যা ডাকওয়ার্থ-লুইস নিয়মে হয় ১৩০। অস্ট্রেলিয়া লক্ষ্য ১৩১ সহজে পূরণ করে। ট্রাভিস হেড শুরুতে ভালো খেললেও আউট হন অর্শদীপ সিংয়ের শিকার হয়ে। অধিনায়ক মার্শ দায়িত্ব নিয়ে ৪৬ রানে অপরাজিত থাকেন এবং দলকে জয় নিশ্চিত করেন। ফলাফল: অস্ট্রেলিয়া ৭ উইকেটে জয়ী, সিরিজে এগিয়ে।

## মেহেরপুরে জামায়াতে'র গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

মাষ্টার, শ্রমিক ফেডারেশনের সদরের সভাপতি আবুল হোসেন, বারাদি ইউনিয়নের আমির মাওলানা আছাদুল ইসলাম ও অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানোর পাশাপাশি দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## পিআর আন্দোলন জামায়াতের

(প্রথম পৃষ্টার পর)

"সুকৌশলে পিআর ইস্যুতে নামিয়ে আনে" এবং নিজেদের সংকীর্ণ দলীয় স্বার্থে দরকষাকষির হাতিয়ার হিসেবে ব্যবহার করে বলে অভিযোগ করেন তিনি। নাহিদের মতে, তাদের উদ্দেশ্য ছিল না সংস্কার, বরং "একটি কৌশলী রাজনৈতিক প্রতারণা"। এনসিপি আহ্বায়ক আরও বলেন, জামায়াত কখনোই কোনো গঠনমূলক বা সংস্কারমূলক আলোচনায় অংশ নেয়নিড়া জুলাই অভ্যুত্থানের আগে, না পরে। "তারা কখনোই কোনো সাংবিধানিক দৃষ্টিভঙ্গি উপস্থাপন করেনি, গণতান্ত্রিক প্রজাতন্ত্র প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেয়নি,"ড়লেখেন তিনি। নাহিদের অভিযোগ, ঐকমত্য কমিশনে জামায়াতের হঠাৎ করে 'সংস্কারের পক্ষে' অবস্থান নেওয়া আদর্শগত বিশ্বাসের প্রকাশ নয়; বরং এটি ছিল "সংস্কারের ছদ্মবেশে একটি রাজনৈতিক অনুপ্রবেশ ও নাশকতা"। পোস্টের শেষাংশে নাহিদ দাবি করেন, বাংলাদেশের জনগণ এখন জামায়াতের এই "রাজনৈতিক প্রতারণা" স্পষ্টভাবে বুঝে গেছে। তিনি বলেন, "জনগণ জেগে উঠেছে, আর কখনো কোনো ভুয়া সংস্কারবাদী বা ষড়যন্ত্রকারী শক্তির দ্বারা প্রতারিত হবে না। না সর্বশক্তিমান, না এ দেশের সার্বভৌম জনগণ কেউই আর অসৎ, সুবিধাবাদী ও নৈতিকভাবে দেউলিয়া শক্তিগুলোকে শাসনের সুযোগ দেবে না।

## শুরু হবে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্টার পর)

কাজ শুরু হয়েছে। পাশাপাশি, অফিস ভাড়া নিয়ে রেজিস্ট্রারসহ প্রয়োজনীয় কর্মকর্তারও নিয়োগ দেওয়া হয়েছে।

## কামদেবপুরে জামায়াতে যোগদান

(প্রথম পৃষ্টার পর)

ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার, মেহেরপুর জেলা ছাত্রশিবির সভাপতি আব্দুস সালাম, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, বুড়িপোতা ইউনিয়ন আমির হাফেজ আবু জাফর সোহেল, ইউনিয়ন সেক্রেটারি আব্দুস সালাম, কামদেবপুর ওয়ার্ড সভাপতি দোলুর উদ্দিন প্রমুখ।

## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন

(প্রথম পৃষ্টার পর)

কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাগুলোর সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোঃ আবদুল ছালাম। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ, এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস. এম. রফিকুল হাসান, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সাহারিয়া শায়লা জাহান, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মো. আবদুল্লাহ আল আমিন। ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মুনির, টিটিসি'র অধ্যক্ষ ড. মো. শামীম হোসেন, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, জেলা ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদ, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক ওবায়দুল বাসার, জেলা কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা সাধন সরকার, সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলী মিজানুর রহমান, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ. টি. হামিম, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দিন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা বেলাল হোসেনসহ সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম প্রমুখ। সভাগুলোতে মেহেরপুর জেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, পরিকল্পনা এবং সহযোগিতামূলক উদ্যোগ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## তালিকায় না থাকায় এনসিপিকে শাপলা প্রতীক দেওয়া সম্ভব নয়: ইসি আনোয়ারুল

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনী প্রতীকের তালিকায় 'শাপলা' না থাকায় জাতীয় গণতান্ত্রিক পার্টি (এনসিপি)-কে এ প্রতীক বরাদ্দ দেওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম। রবিবার (১৯ অক্টোবর) সকালে সিলেট পুলিশ লাইনসে নির্বাচনী দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম বলেন, "নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। আমরা আইন ও বিধি অনুযায়ী কাজ করি। প্রতীকের তালিকায় শাপলা না থাকায় এনসিপিকে সেই প্রতীক দেওয়া সম্ভব নয়। আইনের বাইরে গিয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার সুযোগ আমাদের নেই।" নির্ধারিত তারিখে নির্বাচন অনুষ্ঠিত হওয়া প্রসঙ্গে তিনি বলেন, "ফেব্রুয়ারিতে নির্বাচন না হওয়ার মতো কোনো পরিস্থিতি বা ঘটনা এখন পর্যন্ত ঘটেনি। বিভিন্ন গণমাধ্যমে অনেক কিছু প্রকাশিত হচ্ছে, তবে সেগুলো নির্বাচনের সময়সূচিতে কোনো প্রভাব ফেলবে না। আমরা আশা করছি, রমজানের আগেই নির্বাচন অনুষ্ঠিত হবে।" সুষ্ঠু নির্বাচনের বিষয়ে প্রত্যাশা ব্যক্ত করে তিনি বলেন, "নির্বাচনকে ঘিরে আইনশৃঙ্খলা পরিস্থিতি কোনো চ্যালেঞ্জ হবে না। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে যেন তারা দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারেন। আজও সেই প্রস্তুতির অংশ হিসেবে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।"
পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতির দাবির বিষয়ে এক প্রশ্নের জবাবে আনোয়ারুল ইসলাম বলেন, "নির্বাচন পদ্ধতি রাজনৈতিক বিষয়, এ নিয়ে আমি মন্তব্য করতে চাই না।" এ সময় সিলেট মেট্রোপলিটন পুলিশ কমিশনার আব্দুল কুদ্দুছ চৌধুরী, সিলেট জেলা পুলিশ সুপার মাহবুবুর রহমানসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## 'জুলাই যোদ্ধাদের' সঙ্গে সংঘর্ষে ৪ মামলা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ ভবন এলাকায় পুলিশের সঙ্গে 'জুলাই যোদ্ধাদের' সংঘর্ষের ঘটনায় চারটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশের তথ্য অনুযায়ী, এসব মামলায় অজ্ঞাতনামা ৮০০ থেকে ৯০০ জনকে আসামি করা হয়েছে। শেরেবাংলা নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইমাউল হক জানান, "জাতীয় সংসদ ভবন সংরক্ষিত এলাকা। শুক্রবার এখানে জোরপূর্বক প্রবেশ করে পুলিশকে মারধর, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটানো হয়েছে। এসব ঘটনায় পুলিশ বাদী হয়ে চারটি মামলা দায়ের করেছে এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।" গতকাল জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হলো জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান। এর আগে বৃহস্পতিবার গভীর রাতে 'জুলাই যোদ্ধা' পরিচয়ে কিছু মানুষ সংসদ ভবনের সামনে বিক্ষোভ করেন। পরদিন সকালে শতাধিক ব্যক্তি প্রাচীর টপকে অনুষ্ঠান মঞ্চের সামনে অবস্থান নেন। পুলিশ ও জাতীয় ঐকমত্য কমিশনের সদস্যরা রাতভর তাদের বোঝানোর চেষ্টা করেন, কিন্তু তারা সরে যাননি। এরপর দুপুরে পুলিশ লাঠিপেটার মাধ্যমে তাদের সরিয়ে দেয়। বিক্ষোভকারীরা পরে মানিক মিয়া অ্যাভিনিউতে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে যান, পুলিশ ও যানবাহনে ভাঙচুর চালান এবং সড়কে টায়ার ও কাঠ জ্বালিয়ে আগুন ধরিয়ে দেন। দুই ঘণ্টার পাল্টাপাল্টি ধাওয়ার পর বৃষ্টির মধ্যে বিকেলে পরিস্থিতি শান্ত হয়।

## ইতিহাস গড়ে মেসি জিতলেন গোল্ডেন বুট

সূর্যোদয় প্রতিবেদন

মেজর লিগ সকারের (এমএলএস) চলতি মৌসুমের সেরা গোলদাতার পুরস্কার 'গোল্ডেন বুট' জিতলেন লিওনেল মেসি। ইন্টার মিয়ামির হয়ে খেলতে গিয়ে প্রথমবারের মতো এই কৃতিত্ব অর্জন করলেন আর্জেন্টাইন ফরোয়ার্ড। মেসি নিয়মিত মৌসুমে ২৯ গোল করেছেন এবং সতীর্থদের সহযোগিতায় আরও ১৯টি গোলে সরাসরি অবদান রেখেছেন। মোট ৪৮ গোলের মাধ্যমে তাঁর অবদান এবারও উল্লেখযোগ্য। মায়ামির হয়ে দ্বিতীয় মৌসুমে তিনি খেলা দেখিয়েছেন এক অদম্য ফর্ম। মায়ামি শেষ ম্যাচে ন্যাশভিলকে ৫-২ গোলে হারিয়ে প্লে-অফে জায়গা করে নেয়। এ ম্যাচে হ্যাটট্রিক করেন মেসি, যা তাঁকে গোল্ডেন বুট নিশ্চিত করতে সহায়ক হয়। লিগের অন্য শীর্ষ গোলদাতাদের মধ্যে ন্যাশভিলের স্যাম সারিজ ও এলএএফসির ডেনিস বুয়াঙ্গা ছিলেন ২৪টি করে গোল নিয়ে। তাঁদের থেকে স্পষ্ট ব্যবধানে এগিয়ে থেকে মেসি সেরা গোলদাতা হিসেবে স্বীকৃতি পেলেন। গোল্ডেন বুটের পাশাপাশি মেসি এমএলএসের ইতিহাসে দ্রুততম ৫০ গোলের রেকর্ডও গড়েছেন। মাত্র ৫৩ ম্যাচে এই মাইলফলক স্পর্শ করলেন তিনি। এর আগে এই রেকর্ডটি ৫৪ ম্যাচে ৫০ গোল করেছিলেন ইব্রাহিমোভিচ। দ্বিতীয় আর্জেন্টাইন হিসেবে এমএলএসের গোল্ডেন বুট জিতলেন মেসি। এর আগে ২০২১ সালে ভ্যালেন্টিন ট্যাটি এই সম্মান পেয়েছিলেন নিউইয়র্ক সিটির হয়ে। এবার ইতিহাসের সেরা ফুটবলারদের একজন হিসেবে মেসি তাঁর পাশে থাকলেন।

## কাতারের মধ্যস্থতায় পাকিস্তান-আফগানিস্তান যুদ্ধবিরতি

সূর্যোদয় প্রতিবেদন

কাতারের মধ্যস্থতায় আফগানিস্তান ও পাকিস্তান রোববার ভোরে এক যৌথ বিবৃতিতে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় এই তথ্য নিশ্চিত করেছে। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার (১৮ অক্টোবর) দোহায় অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের বৈঠকে দুই দেশের প্রতিনিধিদল অংশ নেয়। বৈঠকের ফলস্বরূপ উভয় দেশ তাৎক্ষণিক যুদ্ধবিরতি কার্যকর করার সিদ্ধান্ত নেয়। কাতার জানিয়েছে, ভবিষ্যতে উভয় পক্ষ ফলোআপ বৈঠকের মাধ্যমে যুদ্ধবিরতি কার্যকর রাখবে। তুরস্কও এই উদ্যোগের সহ-মধ্যস্থতাকারী হিসেবে ভূমিকা পালন করেছে। আফগানিস্তানের পক্ষে আলোচনায় নেতৃত্ব দেন প্রতিরক্ষামন্ত্রী মোল্লা মোহাম্মদ ইয়াকুব, আর পাকিস্তানের পক্ষে নেতৃত্ব দেন প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ। ২০২১ সালে তালেবান আফগানিস্তানের ক্ষমতা গ্রহণের পর গত দুই সপ্তাহে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে সবচেয়ে বড় সরাসরি সংঘর্ষের ঘটনা ঘটে। এতে কয়েকশ মানুষ নিহত ও হাজারো মানুষ আহত হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। পাকিস্তান দীর্ঘদিন ধরে অভিযোগ করে আসছে যে আফগানিস্তানের সঙ্গে সংযুক্ত সীমান্তে থাকা সশস্ত্র গোষ্ঠীগুলোকে কাবুল সমর্থন দিচ্ছে। এই অভিযোগের জেরে দুই সপ্তাহ আগে আফগানিস্তানের রাজধানী কাবুলে বিমান হামলা চালায় পাকিস্তান। প্রতিশোধ হিসেবে সীমান্তে পাকিস্তানের সেনাদের ওপর হামলা চালায় আফগান সেনারা, যা বড় সংঘর্ষে রূপ নেয়। এর আগে গত সপ্তাহে দুই দেশ ৪৮ ঘণ্টার জন্য যুদ্ধবিরতিতে সম্মত হয়। তবে চুক্তির মেয়াদ শেষ হওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই আফগান সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় পাকিস্তান বিমান হামলা চালায়। তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ জানান, পাকিস্তানের সঙ্গে যুদ্ধবিরতির চুক্তির মেয়াদ বাড়ানো হয়েছে। গত শুক্রবার আফগান সীমান্তবর্তী পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়ায় তেহরিক-ই-তালেবান পাকিস্তানের (টিটিপি) সন্ত্রাসীরা আত্মঘাতী বোমা হামলা চালিয়ে সাত সেনাকে হত্যা করে। এ ঘটনার পর পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে।